গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ
১ম-১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(ফোন নং- ০২২২৬৬৬৫৫০৭)
ee_maint@pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.২৬০০.২৫১.১৮.০০০.২০২৫- ৫৬০৭ তারিখঃ ০৬/০৬/২০২৫খ্রিঃ

## আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

## দরপত্র বিজ্ঞপ্তি নং-Pwd/maint/dhk/2025-2026/Outsourcing-02

গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল/বিভাগ/উপ-বিভাগ-১/২/৩, ঢাকা এর জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আউট সোর্সিং নীতিমালা অনুসারে ০৩(তিন) জন " নিরাপত্তা প্রহরী " এবং ০৩(তিন) জন "পরিচ্ছন্নতা কর্মী" সরবরাহকরণ কাজের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে "সীলমোহরকৃত" দরপত্র আহ্বান করা যাইতেছে।

<table>
<tr><td>১</td><td>মন্ত্রনালয়/বিভাগ</td><td colspan="6">গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>২</td><td>এজেন্সী/প্রতিষ্ঠান/দপ্তর</td><td colspan="6">গণপূর্ত অধিদপ্তর।</td></tr>
<tr><td>৩</td><td>দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান</td><td colspan="6">নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।</td></tr>
<tr><td>৪</td><td>দরপত্র আহবানকারীর জেলা</td><td colspan="6">ঢাকা।</td></tr>
<tr><td>৫</td><td>সরবরাহের নাম</td><td colspan="6">গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল/বিভাগ/উপ-বিভাগ-১/২/৩, ঢাকা এর জন্য আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহ।</td></tr>
<tr><td>৬</td><td>দরপত্র আহ্বানের সূত্র</td><td colspan="6">তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং-২৫.৩৬.০০০০.২১৭.২৬.০০১. ২০.(অংশ)-২৪১/১(৬), তারিখঃ ২০/০৫/২০২৫ খ্রিঃ ।</td></tr>
<tr><td>৭</td><td>দরদাতা/প্রতিষ্ঠানে যোগ্যতা ও জনবল সবরাহের অভিজ্ঞতা</td><td colspan="6">আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান/সরবরাহকারী প্রতিষ্ঠানের হাল নাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদপত্র, আয়কর প্রদানের সনদপত্র, ব্যাংক সলভেন্সী সনদপত্র, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক হালনাগাদকৃত ঠিকাদার সংস্থার লাইসেন্স,, সন্তোষজনক ব্যবস্থাপনা যোগ্যতা এবং লজিস্টিক সামর্থ্য থাকিতে হইবে।</td></tr>
<tr><td>৮</td><td>দরপত্র সংগ্রহ পদ্ধতি</td><td colspan="6">উম্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)</td></tr>
<tr><td>৯</td><td>বাজেট ও অর্থের উৎস</td><td colspan="6">রাজস্ব বাজেট (GOB)</td></tr>
<tr><td rowspan="3">১০</td><td rowspan="3">প্রস্তাবিত জনবলের সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা</td><td>ক্রঃ নং</td><td>পদের নাম</td><td>পদ সংখ্যা</td><td>যোগ্যতা</td><td>বয়স</td><td>অভিজ্ঞতা</td></tr>
<tr><td>১।</td><td>নিরাপত্তা প্রহরী</td><td>০৩(তিন) টি</td><td>৮ম শ্রেনি পাশ</td><td>১৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখে (১৮-৬০ বছর)</td><td>নিরাপত্তা প্রহরী হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন।</td></tr>
<tr><td>১।</td><td>পরিচ্ছন্নতা কর্মী</td><td>০৩(তিন) টি</td><td>৮ম শ্রেনি পাশ</td><td>১৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখে (১৮-৬০ বছর)</td><td>পরিচ্ছন্নতা কর্মী হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন।</td></tr>
<tr><td>১১</td><td>দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ</td><td colspan="6">১৯/০৬/২০২৫ খ্রিঃ সময় বেলা ১০.০০ ঘটিকা।</td></tr>
<tr><td>১২</td><td>দরপত্র গ্রহনের সর্বশেষ তারিখ ও সময়</td><td colspan="6">১৯/০৬/২০২৫ খ্রিঃ সময় বেলা ১২.০০ ঘটিকা।</td></tr>
<tr><td>১৩</td><td>দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়</td><td colspan="6">নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা, কার্যালয়। তারিখ ১৯/০৬/২০২৫ খ্রিঃ বিকাল-৩.০০ ঘটিকার সময় কমিটির উপস্থিতিতে দরপত্র খোলা হইবে। আগ্রহী অংশগ্রহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠান/অংশগ্রহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি ইচ্ছা করিলে দরপত্র খোলার সময় উপস্থিত থাকিতে পারিবেন।</td></tr>
<tr><td>১৪</td><td>দরপত্র বিক্রয়ের স্থান/দপ্তরের নাম ও ঠিকানা</td><td colspan="6">নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১২ তলা), সেগুনবাগিচা, ঢাকা।</td></tr>
<tr><td>১৫</td><td>দরপত্র গ্রহনের স্থান/দপ্তরের নাম ও ঠিকানা</td><td colspan="6">ক) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা ।<br>খ) মতিঝিল গণপূর্ত বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা ।<br>গ) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।</td></tr>
<tr><td>১৬</td><td>দরপত্র দলিলের মূল্য</td><td colspan="6">টাকা ১,০০০.০০ (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য) মানি রিসিট এর মাধ্যমে ক্রয় করিতে হইবে। উক্ত মানি রিসিট এর মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য করা হইবে।</td></tr>
<tr><td>১৭</td><td>দরপত্র জামানতের পরিমান</td><td colspan="6">টাকা ৫০,০০০(পঞ্চাশ হাজার) মাত্র বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ১৮ | দরপত্র আহবানকারীর পদবী | নির্বাহী প্রকৌশলী। |
| ১৯ | দরপত্র আহবানকারীর ঠিকানা | গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা। |
| ২০ | দরপত্র আহবানকারীর ফোন নং | ফোন নং- ০২২২৬৬৬৫৫০৭ |
| ২১ | বিশেষ নির্দেশনা | |
| | ক) দরপত্র দলিলের সকল ধারা বিবেচনায় আনিয়া উহার আলোকে শর্তাদি পালন পূর্বক দরপত্র দাখিল করিতে হইবে।<br>খ) অফিস চলাকালীন সময়ে দরপত্র সংগ্রহ করা যাইবে। দাখিলকৃত দরপত্রের সহিত (১) প্রতিষ্ঠানের মালিকানা এফিডেভিট (২) ভ্যাট রেজিস্ট্রেশন (৩) হালনাগাদ আয়কর ও ট্রেড লাইসেন্স এবং (৪) মালিক ব্যতিত প্রতিনিধির মাধ্যমে দরপত্র দলিলাদি ক্রয়ের ক্ষেত্রে নমুনা স্বাক্ষরসহ অথরাইজেশন কপি ইত্যাদি জমা দিতে হইবে। এই দরপত্র দি পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন-২০০৮ ও আউটসোর্সিং নীতিমালা ২০২৫ খ্রিঃ অনুযায়ী পরিচালিত হইবে।<br>গ) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হইবে।<br>ঘ) অভিজ্ঞতা সনদপত্র সহ চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি সংযোজন করিতে হইবে।<br>ঙ) মূল্যায়নের পর যে প্রতিষ্ঠানের প্রস্তাব যোগ্য বলিয়া বিবেচিত হইবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদের যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাইয়ের জন্য পরবর্তী পরীক্ষায় ডাকা হইবে যাহার সময় ও তারিখ পরবর্তীতে জানানো হইবে।<br>চ) নির্ধারিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন- জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হইবে না। দরপত্র ডকুমেন্টের চাহিদা অনুযায়ী সকল শীট পুরণ করিতে হইবে এবং যোগাযোগের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মেইলিং ঠিকানা ও ফোন নম্বর ডকুমেন্টের নির্দিষ্ট স্থানে উল্লেখ করিতে হইবে।<br>ছ) নিয়োজিত কর্মচারীকে জনস্বার্থে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরও সরকারি দায়িত্ব পালন করিতে হইবে।<br>জ) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কোন জনবলের অদক্ষতা বা অবহেলার কারণে নিয়োগকারী কর্তৃপক্ষের কোনরূপ ক্ষতি সাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করিতে হইবে।<br>ঝ) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের শেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে সর্বোত্তম ০৩(তিন) বছরের বার্ষিক গড় টার্নওভার ১৪(চৌদ্দ) লক্ষ টাকা হইতে হইবে।<br>ঞ) দরপত্র দাখিলের ২৮ (আটাশ) দিনের মধ্যে ব্যাংকের স্থিতি ০৯ (নয়) লক্ষ টাকা থাকিতে হইবে/ ০৯ (নয়) লক্ষ টাকার শর্তহীন ব্যাংক গ্যারান্টি (লিকুইড এসেট) হিসাবে দরপত্রের সাথে দাখিল করিতে হইবে।<br>ট) কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিম্নস্বাক্ষরকারী যে কোন অথবা সমস্ত দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন। | |

০১.০৫.২৫

(মোহাম্মদ কায়সার কবির)
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.২৬০০.২৫১.১৮.০০০.২০২৫- তারিখঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দরপত্র বিজ্ঞপ্তিসহ সহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (এমআইএস সেল), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা। সংযুক্ত দরপত্র বিজ্ঞপ্তি খানা গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। সংযুক্তঃ দরপত্র বিজ্ঞপ্তির সফ্ট কপি (দাপ্তরিক ই-মেইলে প্রেরিত)।
৭। নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা।
৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ উপ-বিভাগ-১/২/৩, ঢাকা।
৯। বিভাগীয় হিসাব রক্ষক/উচ্চমান সহকারী/পি,এ/ক্যাশিয়ার, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।
১০। অফিস কপি/নোটিশ বোর্ড।

নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।